

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

নম্বর- ১৩.০১.০০০০.০৩১.১৮.০০১.১৬- ২৭৬


তারিখঃ ০৯/১০/২০২০ খ্রিঃ।

আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের ০৯/১১/২০১৫ তারিখের ১৩.০০.০০০০.০২২.৩২.০০৪.০৯-৫৯২ নং স্মারক মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২ (গ) এ উল্লিখিত ক্ষমতা অনুসারে খাদ্য অধিদপ্তরের অধীন নিম্নলিখিত কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ পদবির বিপরীতে উল্লিখিত সরকারি কর্মচারীদের নিয়োগ করা ব্যতীত সাময়িক বরখাস্ত করা, লঘুদণ্ড প্রদান করা এবং অন্যান্য আনুষঙ্গিক সংস্থাপনিক ক্ষমতা প্রয়োগের জন্য অত্র বিভাগ হতে জারিকৃত ২০/০৮/২০১৭ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.০৮.০০১.১৫(অংশ-১)-১৫২১ নং অফিস আদেশ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ-

ক্রঃ নং	কর্মকর্তার পদবি	যে সকল গ্রেডের (পদের) সরকারি কর্মচারীদের নিয়োগ ব্যতীত লঘুদণ্ড প্রদান/ সাময়িক বরখাস্ত এবং আনুষঙ্গিক সংস্থাপনিক আদেশ প্রদান করতে পারবেন।
১।	পরিচালক, প্রশাসন	খাদ্য অধিদপ্তরাধীন সকল বিভাগের ১০ম গ্রেড এবং ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।
২।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক	ক) সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগে অবস্থিত খাদ্য অধিদপ্তরাধীন ১০ম গ্রেড (পূর্বের ২য় শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ ও হিসাবরক্ষক/প্রধান সহকারী (শুধু সাময়িক বরখাস্তকরণ)। খ) নিজ সংস্থাপনাধীন সকল ১০ম গ্রেড এবং ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সকল সরকারি কর্মচারী।
৩।	সাইলো সুপারিনটেনডেন্ট	নিজ সংস্থাপনাধীন এবং সংযুক্ত পি.ইউ.পি. এর ১০ম গ্রেড, ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।
৪।	প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।	নিজ সংস্থাপনাধীন ১০ম গ্রেড, ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।
৫।	প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল	নিজ সংস্থাপনাধীন ১০ম গ্রেড, ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।
৬।	জেলা খাদ্য নিয়ন্ত্রক	স্বীয় অধিক্ষেত্রের স্থাপনা ও নিজ সংস্থাপনার প্রধান সহকারী/হিসাবরক্ষক (শুধু লঘুদণ্ড প্রদান) ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।
৭।	চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য)	নিজ সংস্থাপনাধীন প্রধান সহকারী/হিসাবরক্ষক (শুধু লঘুদণ্ড প্রদান) এবং ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীবৃন্দ।

উল্লিখিত ক্ষমতাপ্রাপ্ত দপ্তর প্রধানগণ তাদের নিজ নিজ আওতায় পদবির বিপরীতে ক্রমিক নং ১ হতে ক্রমিক নং ৫ পর্যন্ত ১০ম গ্রেড, ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এবং ক্রমিক নং ৬ হতে ক্রমিক নং ৭ পর্যন্ত ১১তম হতে ১৬তম গ্রেড ও ১৭তম হতে ২০তম গ্রেড (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) এর কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি মোতাবেক গুরুদণ্ডের আওতায় বিভাগীয় মামলা আনয়ন ও নিষ্পত্তি করতে পারবেন না।




(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪

 dg@dgfood.gov.bd

সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/চসসা/হিসাব ও অর্থ/সববি/পউকা/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট।
- ৯। সাইলো অধিক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/সান্তাহার, বগুড়া/আশুগঞ্জ, বি-বাড়ীয়া/মোংলা সাইলো, বাগেরহাট/খুলনা স্টীল সাইলো।
- ১০। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ড/ অভ্যন্তরীণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).....।
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ১৪। চলাচল সংরক্ষণ ও নিয়ন্ত্রক (খাদ্য) চট্টগ্রাম/খুলনা।
- ১৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।
- ১৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).....।
- ১৭। উপ-পরিচালক (তদন্ত/পিপিটি/বাহিনী), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৮। ব্যবস্থাপক (সকল), সিএসডি.....।
- ১৯। অফিস কপি।
- ১৯। মাস্টার কপি।


১১/১০/২০২০

(মামুন আল মোর্শেদ চৌধুরী)

উপ-পরিচালক (সংস্থাপন)

ফোন-৯৫৬১২০৯

dd.est@dgfood.gov.bd